গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

**২৯ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২২ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খঃ মাহবুবুল হক<br>মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ<br>মৎস্য ভবন, রমনা, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ২৯ জুন ২০২২ খ্রিস্টাব্দ; সকাল ১১:৩০ টা। |
| স্থান | : | মৎস্য অধিদপ্তরের সভা কক্ষ (২য় তলা)। |

উপস্থিতির তালিকা: **পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাকাজ শুরু করেন। আলোচ্য বিষয়ে সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে। সে আলোকে মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২২ সালের ৪র্থ ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। সভাপতি সভার বিষয়বস্তু ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য মৎস্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোহাঃ আতিয়ার রহমান-কে আহবান জানান।

**২.০ আলোচনা**

**২.১** সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ধারাবাহিকভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২-এ প্রতি কোয়ার্টরের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।

**২.২** শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২২) সভায় ১. শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামোর ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ ২০২২ খ্রি.) প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ এবং অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ; ২. শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ কার্যক্রমটি আগামী ১৫/০৬/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ; এবং ৩. মৎস্য অধিদপ্তরের কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে অফিসের আঙ্গিনা পরিস্কার-পরিচ্ছন্ন ও জীবানুমুক্ত রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্তসমূহ গৃহীত হয় যা ইতোমধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ অর্থবছরের ৪র্থ প্রান্তিকের (এপ্রিল-জুন ২০২২ খ্রি.) প্রতিবেদন সভায় অনুমোদন করা হয়।

**২.৩** সরকারি কর্মকর্তা-কর্মচারিদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের নিমিত্ত সরকার কর্তৃক প্রণীত শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর ৩.৩ ও ৬.৩ নং অনুচ্ছেদ অনুযায়ী মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর-এর নেতৃত্বে গঠিত বাছাই কমিটি কর্তৃক সদর দপ্তরের গ্রেড-২ হতে গ্রেড-৯, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত একজন করে মোট ০৩ জন কর্মচারী এবং আওতাধীন বিভাগীয় পর্যায়ের কার্যালয়সমূহের প্রধানদের মধ্য হতে ০১ জন কর্মচারী শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নির্বাচনপূর্বক প্রত্যেককে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় প্রতি অর্থবছরে সরকারি কর্মচারীদের শুদ্ধাচার চর্চার নিমিত্ত পুরস্কার প্রদান করা হবে।

**২.৪** এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ অন্তর্ভুক্ত ৩ নং ক্রমিকের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় [৩.৩] গণশুনানী কার্যক্রমটি বিগত ২৩ জুন ২০২২ তারিখ বিকাল ৩:০০ টা

হতে ৪:০০ টা পর্যন্ত মৎস্য ভবন, ঢাকায় সরাসরি ও জুম প্লাটফর্মের মাধ্যমে আয়োজন করা হয়। গণশুনানিতে মৎস্য অধিদপ্তরের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, মৎস্যচাষি, মৎস্যজীবী এবং অন্যান্য স্টেকহোল্ডারসহ প্রায় ১০০ জন সরাসরি ও ভার্চুয়াল মাধ্যমে স্বতস্ফুর্তভাবে যুক্ত হন।

৩.০ সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৩.১ মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ অর্থবছরের ৪র্থ প্রান্তিকের ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২২) প্রতিবেদন প্রমণকসহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ এবং অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে; এবং

৩.২ মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২২-২৩ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৬/২০২২

(খঃ মাহবুবুল হক)
মহাপরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১
ইমেইল: dg@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১০৬.০৬.০০৩.২১- ২৪৪

তারিখঃ ৩০ -০৬-২০২২ খ্রি.

সদয় অবগতির ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/ মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা/প্রশাসন/মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩. সহকারী পরিচালক (প্রশিক্ষণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. জনাব.......................................................................।

৩০/৬/২০২২

(মোহাঃ আতিয়ার রহমান)
অতিরিক্ত মহাপরিচালক
ও
সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
ফোন: ০২৪৭-১১০৪১০

২৯/০৬/২০২২ তারিখে অনুষ্ঠেয় জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার উপস্থিতি

তারিখঃ ২৯/০৬/২০২২ খ্রি. সময়ঃ সকাল ১১.৩০টা স্থানঃ সভা কক্ষ (২য় তলা) মৎস্য ভবন, ঢাকা।

| ক্রমিক নং | সম্মানিত উপস্থিতির নাম | পদবী | কর্মস্থল | মোবাইল/ ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১. | ড. মো: আতিকুর রহমান | অতিরিক্ত মহাপরিচালক | DOF | 01711379806 | [signature] |
| ০২. | মোহা: খালেদুর রহমান খাঁন | উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) | মৎস্য অধিদপ্তর ঢাকা | ০১৭১২৬৮৪০৭১ | [signature] |
| ০৩. | সৈয়দ মো: আলমগীর | উপপরিচালক (প্রশাসন) | মৎস্য অধিদপ্তর | 01732508858 | [signature] |
| ০৪. | ড. মো: খালেদ কনক | উপপরিচালক (মৎস্য চাষ) | DOF | ০১৭৬৬৫০৭৬৫০ | [signature] |
| ০৫. | মো: সিরাজুল ইসলাম | সিনিয়র সহকারী পরিচালক | DOF | 01711120396 | [signature] |
| ০৬. | মনিকা দাস | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | মৎস্য অধিদপ্তর ঢাকা | 01716603525 | [signature] |
| ০৭. | তাকলিমা আক্তার | সহকারী পরিচালক | মৎস্য অধিদপ্তর, ঢাকা | 01685756028 | [signature] |
| ০৮. | | | | | |
| ০৯. | | | | | |